পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

রাজশাহী বিশ্ববিদ্যালয়
রাজশাহী

# -ঃ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি ঃ-

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইংরেজী বিভাগের **২০২২ সালের এম.এ. ইন ইংলিশ (থিসিস ও নন-থিসিস গ্রুপ) পরীক্ষা আগামী ২৮/১১/২০২৪ তারিখ** হতে শুরু হবে। উক্ত পরীক্ষাসমূহে অংশ গ্রহণ করার জন্য নিম্নলিখিত তারিখ অনুযায়ী পরীক্ষার্থীগণ অনলাইনে ফরম পূরণ করে উক্ত ফরমের প্রিন্ট আউট নিয়ে বিভাগীয় সভাপতি ও হল প্রাধ্যক্ষের স্বাক্ষরসহ ফরমটি অগ্রণী ব্যাংক রা.বি. শাখায় জমা দিবে এবং স্মার্ট আইডি কার্ড এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদান করবে। অগ্রণী ব্যাংক পরবর্তী কার্যদিবসে ফরমগুলি পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তরে পাঠাবে।

**অনলাইন লিংক ঃ http://103.79.117.242/ru_services/public/login**

**ফরম পূরণের তারিখ (জরিমানা ছাড়া) : ০৭/১১/২০২৪ – ১১/১১/২০২৪**

**ফরম পূরণের তারিখ (জরিমানা সহ) : ১২/১১/২০২৪**

পরীক্ষার ফি

| বিবরণ | স্থিতিকাল ৩ ঘন্টা পর্যন্ত | স্থিতিকাল ৩ ঘন্টার উর্দ্ধে |
|---|---|---|
| ১। এম.এ তত্ত্বীয় পরীক্ষার ফি (প্রতি কোর্স) | ৬০/- টাকা | ৭৫/- টাকা |
| ২। বিভাগ/কোর্স উন্নয়ন ফি (প্রতি কোর্স ) | ১০০/- টাকা | ১৫০/- টাকা |
| ৩। ব্যবহারিক পরীক্ষার ফি (যাহার জন্য প্রযোজ্য) কলা/বিজ্ঞান/ জীব ও ভূবিজ্ঞান/কৃষি অনুষদ | ২৫/- টাকা প্রতি ঘন্টা | |
| ৪। মৌখিক পরীক্ষা | ৭৫/- টাকা | |
| ৫। ননকলেজিয়েট ফি | ৫০০/- টাকা | |
| ৬। জরিমানা ফি | ৫০/- টাকা | |
| ৭। থিসিস মাস্টার্স | ২০০/- টাকা | |
| ৮। টার্ম পেপার/ইনর্টানশীপ/ ফিল্ড রিপোর্ট/ রিসার্চ প্রজেক্ট ফি | ৫০ নম্বর পর্যন্ত ৫০/-টাকা ও ৫০ নম্বরের উর্দ্ধে ৭৫/- টাকা | |

বিশেষ দ্রষ্টব্যঃ

১। পরীক্ষার ফরম ঠিকভাবে পূরণ করা হয়েছে কিনা তা সংশ্লিষ্ট দলিলাদির সঙ্গে মিলিয়ে বা পরীক্ষা করে দেখার সম্পূর্ণ দায়িত্ব বিভাগীয় সভাপতি ও প্রাধ্যক্ষের। সভাপতি ও প্রাধ্যক্ষের দ্বারা পরীক্ষিত ফরম চুড়ান্ত বলে বিবেচিত হবে। নতুন ফিসের ব্যাংক ফরম বিভাগীয় সভাপতি তাঁর দায়িত্বে অগ্রণী ব্যাংক রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা থেকে সংগ্রহ করে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদেরকে সরবরাহ করবেন।

২। পরীক্ষার ফরম পূরণের সময় পরীক্ষার্থীকে মাস্টার্সে ১ম ভর্তির পেশ্লীপ, সর্বশেষ পুনঃভর্তির (যদি পুনঃভর্তি হয়) পেশ্লীপ, বিশ্ববিদ্যালয় পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর কর্তৃক প্রদত্ত পূর্বের পরীক্ষার প্রবেশ পত্র ও রেজিঃ কার্ডের সত্যায়িত অনুলিপি সমূহ ফরমের সাথে অবশ্যই জমা দিতে হবে। **পরীক্ষার্থী নন-গ্রেডিং হলে ফরমের শীর্ষে লাল কালিতে লিখতে হবে।**

৩। পরীক্ষার ফরমের শীর্ষে লম্বা আকারে মোটা হরফে লিখা বিভাগীয় সীলসহ থিসিস/নন-থিসিস, নিয়মিত/ পূণঃভর্তি/ বিভাগ উন্নয়ন লালকালি দিয়ে লিখে দিতে হবে।

৪। কোন অবস্থাতেই পরীক্ষার্থীকে সংশ্লিষ্ট প্রবেশ পত্র ছাড়া পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।

৫। নতুন ফরমের শীর্ষে যেখানে শিক্ষার্থী নম্বর লিখা আছে সেখানে পরীক্ষার্থীরা তাদের পরীক্ষার্থীর রোল নম্বর লিখবে।

পরীক্ষা নিয়ন্ত্রক
রাজশাহী বিশ্ববিদ্যালয়
তারিখ : ০৭.১১.২০২৪

মেমো নং- ২২৯৬(১০)/জেশা/পঃনিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলঃ–

১। সভাপতি, ইংরেজী বিভাগ, রাঃবিঃ
২। ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিঃ, বিশ্ববিদ্যালয় শাখা, রাঃবিঃ
৩। শিউলী, ACE
৪। অফিস নথি।

০৭/১১/২০২৪

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর, রাঃবিঃ

৭.১১.২৪

'কামরুজ্জামান' তাং- ০৭/১১/২০২৪ (৩১)